আলমডাঙ্গায় মহিলা ডাক্তারকে হেনস্থাকারী রহিম গ্রেফতার

আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার আশরাফুন নাহার নীনা ও আরএমও মোর্তজা আরেফিনকে লাঞ্চনাকারী রহিমকে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার দিনগত গভীররাতে পাবনার রূপপুরে আত্মগোপনে থাকা রহিমকে গ্রেফতার করা হয়।

থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর বলেন, করোনা মহামারির বিরুদ্ধে দেশের চিকিৎসকরা সন্মুখযোদ্ধা হিসেবে জীবনপন রেখে লড়ে যাচ্ছে। এমন সময় অকারনেই এক মাস্তান হাসপাতালে ঢুকে ডাক্তারকে লাঞ্চনা করে। ঘটনার পরপরই পুলিশ তাকে গ্রেফতারের জোর চেষ্টা করেছিল। অবশেষে ৪৮ ঘন্টা না যেতেই তাকে গ্রেফতার করা হয়েছে।

মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই আমিনুল ইসলাম বলেন, ঘটনার পরপর পুলিশের সাড়াশি অভিযানে রহিম পাবনার রূপপুরে পালিয়ে যায়। তার মোবাইল ট্র্যাকিং করে আসামী রহিমের অবস্থান জানতে পারি। শনিবার রাতে রূপপুর থেকে তাকে গ্রেফতার করা হয়।

জানা গেছে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সেও মেডিকেল অফিসার আশরাফুন নাহার নীনা বৃহস্পতিবার (১৬ জুলাই) দুপুরে হাসপাতালে দায়িত্ব পালন করছিলেন। এ সময় কুমারী ইউনিয়নের যাদবপুর গ্রামের আব্দুল মান্নানের ছেলে আব্দুর রহিম তার বাবার পায়ের পীড়ার সমস্যা সংক্রান্ত বিষয়ে কথা বলতে হাসপাতালে ঢোকেন। ডাক্তার আশরাফুন নাহার নীনা তার পিতাকে হাসপাতালে নিয়ে আসার পরামর্শ দেন। রোগীকে না দেখে ব্যবস্থাপত্র না দেওয়ারও কথা বলেন।

কিন্ত রহিম তার বাবার অনুপস্থিতিতেই চিকিৎসার ব্যবস্থাপত্র দিতে চাপাচাপি করতে থাকেন। এ পর্যায়ে দু‘জনে বাদানুবাদে জড়িয়ে পড়েন। এতে ক্ষীপ্ত হয়ে আব্দুর রহিম ডাক্তার নীনার চুলের মুঠি ধরে হাসপাতাল থেকে বের করে দেয়ার হুমকি দেন।

এ সময় আব্দুর রহিমের হুমকি-ধামকিতে ডাক্তার নীনা অসহায় হয়ে পড়লে অপর একটি কক্ষ থেকে হাসপাতালের ভারপ্রাপ্ত আরএমও মোর্তজা আরেফিন বেরিয়ে আসেন। ডাক্তার আরেফিন ও নীনা রহিমকে ধরে আটকে ফেলতে যান। এ সময় উভয় পক্ষের মধ্যে হাতাহাতির ঘটনাটি ঘটে। হাসপাতালের কলাপসেবল গেইটে তালা লাগিয়ে দেওয়ার আগেই জোরাজুরি করে রহিম

দ্রুত হাসপাতাল থেকে বেরিয়ে যান।

ডাক্তার নীনা বলেন, পৌনে দুইটার সময় অপারেশন থিয়েটারের দিকে যাচ্ছিলাম। এ সময় একজন এসে বলেন, তার বাবার পায়ে কাটা ফুটেছে ওষুধ লিখে দিতে। আমি বলেছি, আপনার বাবাকে নিয়ে আসুন তার পায়ের অবস্থা দেখে চিকিৎসা দেব। কিন্ত তিনি রেগে গিয়ে অকথ্য ভাষায় গালিগালাজ করতে থাকে। চুলের মুঠি ধরে হাসপাতাল থেকে বের করে দেয়ারও হুমকি দেয়।

উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা হাদি জিয়াউদ্দিন আহমেদ বলেন, রহিম নামের একজন হাসপাতালে ঢুকে কর্তব্যরত ডাক্তারকে গালিগালাজসহ হেনস্থা করেছে। তার নামে থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। অবশেষে অভিযুক্তকে গ্রেফতার করায় তিনি পুলিশকে ধন্যবাদ জানান।

গাংনী পৌরসভায় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবীলের চাল বিতরণ

করেনা কালিন সময়ে মেহেরপুরের গাংনী পৌরসভার ৪ হাজার ৬র্শ ৫৭ জন দুস্থ-অসহায় মানুষের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ত্রাণ তহবীল হতে প্রাপ্ত জি আর প্রকল্পের চাল বিতরণ করা হয়েছে। আজ রোববার সকালে গাংনী পৌরসভা প্রাঙ্গণে এ কার্যক্রমের উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, গাংনী পৌরসভার মেয়র আশরাফুল ইসলাম। এসময় ট্যাগ অফিসার মাহফুজুর রহমান, কাউন্সিলর সাইদুর রহমান ও মিজানুর রহমানসহ কাউন্সিলর, পৌর কর্মকর্তা- কর্মচারী ও সুবিধাভোগিরা উপস্থিত ছিলেন।

করোনা কালিন পরিস্থিতি মোকাবেলায় প্রতি মাসে জন প্রতি ১৫ কেজি করে চাল প্রদান করা হচ্ছে।

[redacted] [redacted]-[redacted]-[redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted]-[redacted]-[redacted] [redacted] [redacted] [

আলমডাঙ্গায় মাস্কবিহীন ২৮ জনকে জরিমানা

আলমডাঙ্গায় মাস্কবিহীন ২৮ জনকে জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। গতকাল শনিবার পৌর শহরের লালব্রীজ মোড়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী।

আদালত সূত্রে জানা গেছে, মার্চ মাস থেকে শুরু হওয়া করোনা মহামারি ৪ মাস অতিবাহিত হলেও এখনও আক্রান্তের হার উর্দ্ধমুখি রয়েছে। প্রতিদিনই প্রাণ হারাচ্ছেন অসংখ্য মানুষ। তবুও মানুষের মাঝে এখনও সেভাবে সচেতনতা গড়ে ওঠেনি। অনেকেই মাস্কবিহীন বাড়ি থেকে বের হয়ে যত্রতত্র ঘুরে বেড়াচ্ছেন।

মানুষের মাঝে সচেতনতা তৈরী করতে শনিবারে এরকম ২৮ জনকে জরিমানা করা হয়েছে। এ সময় আদালতে নিরাপত্তার দায়িত্বে ছিলেন থানার এএসআই কামরুল ইসলাম।

একই সময়ে উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী পৌর শহরে দরিদ্র পথচারীদের মাঝে মাস্ক ও সাবান বিতরণ করেন।

তিনি শহরের মোড়ে মোড়ে দাড়িয়ে মাস্ক ও সাবান বিতরণ করেন।

কুষ্টিয়ায় পিসিআর ল্যাবে ২৯ জনের করোনা শনাক্ত

কুষ্টিয়ায় পিসিআর ল্যাবে ২৯ জনের শরীরে কোভিড-১৯ করোনা ভাইরাস পজিটিভ শনাক্ত হয়েছে।

গতকাল শনিবার কুষ্টিয়া মেডিকেল কলেজের পিসিআর ল্যাবে মোট ১১৬ টি স্যাম্পল পরীক্ষা করা হয়। এতে ২৯ জনের শরীরে কোভিড-১৯ করোনা ভাইরাস পজিটিভ শনাক্ত হয়েছে।

কুষ্টিয়ার সিভিল সার্জন ডা. এ এইচ এম আনোয়ারুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, গতকাল শনিবার কুষ্টিয়া মেডিকেল কলেজের পিসিআর ল্যাবে মোট ১১৬ টি স্যাম্পল পরীক্ষা করা হয়।
এর মধ্যে কুষ্টিয়া ১০, চুয়াডাঙ্গা ১০, ঝিনাইদহ ৯, মেহেরপুর ২৭, নড়াইল ৬০ জন।

এরমধ্যে চুয়াডাঙ্গা জেলায় ৫ জন, ঝিনাইদহ জেলায় ৫ জন, নড়াইল জেলার ১৫ জন ও মেহেরপুর জেলায় ৪ জন করে মোট ২৯ জনের শরীরে কোভিড-১৯ করোনা ভাইরাস পজিটিভ শনাক্ত হয়েছে।

সিভিল সার্জন আরও জানান, গতকাল কুষ্টিয়ায় ১০ জনের পরীক্ষা করা হয়েছে এতে করে ১০ জনই নেগেটিভ। তাই নতুন করে কুষ্টিয়া জেলায় কোন পজিটিভ শনাক্ত হয়নি।

এদিকে কুষ্টিয়ায় এখন পর্যন্ত ১১৪২ জন কোভিড রোগী সনাক্ত হয়েছে। এরমধ্যে পুরুষ রোগী ৮৩৪ জন, নারী ৩০৮ জন। সুস্থ হয়েছেন মোট ৬৩৯ জন। এবং বর্তমানে হোম আইসোলেশনে চিকিৎসাধীন রয়েছে ৪৪০ জন। এবং হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে ৪১ জন।
এ পর্যন্ত ২৩ জন কোভিড-১৯ করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মারা গেছে।

বিদেশগামীদের করোনার সনদ বাধ্যতামূলক

সরকারি নির্দেশ অনুযায়ী আগামী ২৩ জুলাই থেকে বাংলাদেশ থেকে আকাশ পথে বিদেশ গমনকারীদের জন্য কভিড-১৯ পরীক্ষার সনদ বাধ্যতামূলক করা হয়েছে। সে কারণে বিদেশ গমনেচ্ছু বিমান বাংলাদেশ এয়ারলাইনসের যাত্রীদেরকে সরকার ঘোষিত কভিট -১৯ পরীক্ষা সংক্রান্ত নির্দেশনাবলী প্রতিপালনের জন্য অনুরোধ করা হয়েছে।

বিমান বাংলাদেশ এয়ারলাইনসের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো

হয়েছে। এতে বলা হয়, গত ১২ জুলাই আন্তঃমন্ত্রণালয় সভায় বিদেশ গমনেচ্ছু যাত্রীদের কোভিড-১৯ মুক্ত সনদ নিয়ে বিদেশ যেতে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। সে কারণে বিদেশ গমনেচ্ছুদের সরকার ঘোষিত কোভিড-১৯ পরীক্ষা সংক্রান্ত নিম্নরূপ নির্দেশনাবলী প্রতিপালন করতে হবে।

নির্দেশনাবলী হলো- যাত্রার ৭২ ঘণ্টার পূর্বে কোনো নমুনা সংগ্রহ করা হবে না এবং যাত্রার ২৪ ঘণ্টা পূর্বে রিপোর্ট নেয়ার ব্যবস্থা করতে হবে; নমুনা প্রদানের সময় পাসপোর্টসহ যাত্রীদের বিমান টিকেট ও পাসপোর্ট উপস্থাপন এবং নির্ধারিত ফি পরিশোধ করতে হবে; কোভিড-১৯ পরীক্ষার নিমিত্তে নির্দিষ্টকৃত পরীক্ষাগার যে জেলায় অবস্থিত সে জেলার সিভিল সার্জন অফিসে স্থাপিত পৃথক বুথে তাদের নমুনা প্রদান করবেন; নমুনা প্রদানের পর থেকে যাত্রার সময় পর্যন্ত সংশ্লিষ্ট ব্যক্তি আবশ্যিকভাবে আইসোলেশনে থাকবেন; বিদেশ যাত্রীদের কোভিড-১৯ পরীক্ষা সনদ প্রাপ্তির জন্য ল্যাবে গিয়ে নমুনা প্রদানের ক্ষেত্রে ৩৫০০ টাকা এবং বাড়ি থেকে নমুনা সংগ্রহে ৪৫০০ টাকা ফি প্রদান করতে হবে।

বিজ্ঞপ্তিতে নমুনা পরীক্ষার জন্য ১৬টি সরকারি হাসপাতাল বা প্রতিষ্ঠানের তালিকা দেয়া হয়। হাসপাতালগুলো হলো, বরিশালের শের-ই-বাংলা মেডিকেল কলেজ, চট্টগ্রামের বাংলাদেশ ইনস্টিটিউট অব ট্রপিক্যাল অ্যান্ড ইনফেকশাস ডিজিসেস, কক্সবাজার মেডিক্যাল কলেজ, কুমিল্লা মেডিক্যাল কলেজ, ঢাকার ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরি মেডিসিন অ্যান্ড রেফারেল সেন্টার, জনস্বাস্থ্য ইনস্টিটিউট,

জাতীয় প্রতিষেধক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠান, নারায়ণগঞ্জ ৩০০ শয্যা হাসপাতাল, খুলনা মেডিক্যাল কলেজ, কুষ্টিয়া মেডিক্যাল কলেজ, ময়মনসিংহ মেডিক্যাল কলেজ, বগুড়ার শহীদ জিয়াউর রহমান মেডিক্যাল কলেজ, রাজশাহী মেডিক্যাল কলেজ, দিনাজপুরের এম আবদুর রহিম মেডিক্যাল কলেজ, রংপুর মেডিক্যাল কলেজ এবং সিলেট এম এ জি ওসমানী মেডিক্যাল কলেজ।

বিমানবন্দর সূত্র জানায়, ইতোমধ্যে মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত নির্দেশনা দেশের তিন আন্তর্জাতিক বিমানবন্দর (ঢাকা, সিলেট, চট্টগ্রাম) এবং দেশি-বিদেশি এয়ারলাইন্সগুলোতে পাঠানো হয়েছে।

সূত্র- বিডি-প্রতিদিন

[redacted]

[redacted]

[redacted]

[

মেহেরপুরে নতুন করে ৪ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরো ৪ জন করোনা আক্রান্ত হয়েছেন। আক্রান্ত সকলেই গাংনী উপজেলার।

আক্রান্তরা হলেন, গাংনী উপজেলা কোয়াটারের রওশন আরা (৪৫), বাকি তিন জন হলেন, গাংনী উপজেলা বিআরডিবি কর্মকর্তা মতিন (৫১), আরিফুর রহমান (৩৩) ও আদম আলী (৫০)।

এ নিয়ে জেলায় ১২৯ (সদর- ৬৯, গাংনী -৪৭, মুজিবনগর -১৩) জন করোনায় আক্রান্ত হলেন। এর মধ্যে ৭৬ জন সুস্থ হয়েছেন, ৬ জন মারা গেছেন। ১০ জনকে রেফার্ড করা হয়েছে।

বর্তমানে পজেটিভ সংখ্যা ৩৭ জন এর মধ্যে মেহেরপুর সদরে ১৮ জন, গাংনী ১৩ জন, মুজিবনগরে ৬ জন। সকলেই চিকিৎসাধীন রয়েছে।

মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন জানান, আজ শনিবার কুষ্টিয়া মেডিকেল কলেজ থেকে ২৭ টি রিপোর্ট এসেছে। এর মধ্যে ৪টি পজিটিভ।

তিনি জানান, এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা ২১৯৮টি।

গাংনীতে কয়েক হাজার বিঘা জমি পানিবন্ধী

মেহেরপুরের গাংনীর ধলা-মাইলমারী মাঠে বাধ দিয়ে মাছ চাষ করার কারনে কয়েক হাজার বিঘা জমি পানিবন্ধী হয়ে পড়েছে।

পানি নিস্কাসনে কোন ব্যবস্থা না নেওয়ায় জমিগুলো পতিত থাকায় উৎপাদনের পাশাপাশি খাদ্য খাটতি দেখা দেবে।

স্থানীয় কৃষকদের দাবি,ধলা-মাইলমারি মাঠ এ অঞ্চলের সবচেয়ে বড়

[redacted]

[redacted]